দৈনিক খবর

তারিখ 18 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

20

### নগরীতে স্কুল ছাত্রদের বিক্ষোভ

# ৫০টি গাড়ী ভাঙচুর ২৪ জন গ্রেফতার

।। স্টাফ রিপোর্টার ।।

বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল শনিবারও নগরীর বিভিন্ন এলাকায় বিক্ষোভ প্রদর্শন, প্রায় ৫০টি গাড়ী এবং বিমান অফিসসহ বেশ ক'টি অফিসের কাঁচ ভাঙচুর করেছে। পুলিশ ২৪ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায়, এসএসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে নগরীর বিভিন্ন স্কুল থেকে ছাত্রদের মিছিল বের হয়। বিক্ষুব্ধ ছাত্ররা মতিঝিল বাণিজ্যিক এলাকায় প্রায় ১০টি, গুলিস্তান, নবাবপুর ও বিজয় নগর সড়কে ৬টি এবং নগরীর নয়াপল্টন, সায়েন্স ল্যাবরেটরী, রমনা ও ফার্মগেইটে আরো ৩৪টি গাড়ী ভাংচুর করে। ছাত্ররা সকাল ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত বিক্ষোভ প্রদর্শন, মিছিল ও গাড়ী ভাঙচুর করে।

ছাত্রদের বিক্ষোভ চলাকালে নগরীর বিভিন্ন সড়কে ট্রাফিক জ্যাম লেগে যায়। গতরাতে মতিঝিল পুলিশ জানায়, থানায় ৬টি গাড়ী ভাঙচুরের মামলা হয়। এগুলোর মধ্যে রয়েছে, পেট্রোবাংলার জীপ ৬৩-৩৯২৫ ও মাইক্রোবাস ৬৩-৩৯৮৬, বিআরটিসি

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## ৫০টি গাড়ী ভাংচুর

প্রথম পৃষ্ঠার পর

বাস ঢাকা মেট্রো-চ ৭৩৮৫ এবং প্রাইভেট কার ঢাকা মেট্রো -ক ০৩-০৭৬১ ও ঢাকা ভ-১২৫০। কোতোয়ালী থানায়ও বিআরটিসির একটি বাস (ঢাকা মেট্রো চ-৮১৩৮) ভাঙচুরের মামলা দায়ের করা হয়েছে। অন্যান্য ক্ষতিগ্রস্ত গাড়ীর ব্যাপারে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়নি বলে গতরাত ১০টায় পুলিশ জানিয়েছে। গ্রেফতারকৃতরা আইডিয়াল উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বয়েজ স্কুল, মতিঝিল মডেল ও কলেজিয়েট স্কুলের ছাত্র।